# স্নাতক পাঠক্রম

## অনুশীলন পত্র

**ডিসেম্বর, ২০১৭ ও জুন, ২০১৮**

ঐচ্ছিক পাঠক্রম

# বাংলা ( Bengali )

তৃতীয় পত্র

**Kabya : Prachin O Adhunik : EBG-3**

**পূর্ণমান ঃ ১০০**

মানের গুরুত্ব ঃ ৩০%

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের 'রাধাবিরহ' অংশে নাট্যগুণ ও কাব্যগুণের সার্থক মিলনের যে পরিচয় পাওয়া যায় — বিশদভাবে তার প্রমাণ দিন।

(খ) ''তাতল সৈকত বারিবিন্দু সম

সুত-মিত-রমণী সমাজে।''

— পদটি কার রচনা ? কোন্ পর্যায়ের পদ ? পদটির ভাবসংক্ষেপ ও কাব্য মূল্যায়ন করুন।

(গ) 'মেঘনাদবধ কাব্য'-র ষষ্ঠ সর্গে ট্রাজেডির লক্ষণ কতখানি ফুটে উঠেছে, তা এই সর্গের চরিত্র ও ঘটনা অনুযায়ী বিচার করুন।



[ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



(ঘ) 'দারিদ্র্য' কবিতায় কাজী নজরুল ইসলামের দৃষ্টিভঙ্গীর নিজস্বতা কোথায়, তা ব্যাখ্যা করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) চর্যাপদের সামাজিক পটভূমি বর্ণনা করুন।

(খ) ''রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর।

প্রতি অঙ্গ লাগি কান্দে প্রতি অঙ্গ মোর।।''

— পদটি কার রচনা ? কোন্ পর্যায়ের পদ ? পদটির কাব্যিক মূল্যায়ন করুন।

(গ) বৃন্দাবন দাসের 'চৈতন্য ভাগবত'-এর আদিখণ্ডে নবদ্বীপের বর্ণনায় তৎকালীন বাংলার ধর্ম-সমাজ ও সংস্কৃতির যে ছবি ফুটে উঠেছে তার বর্ণনা দিন।

(ঘ) আধুনিক কবিতার সংক্ষিপ্ত পরিচয় দিয়ে বাংলা কাব্যে মানবকেন্দ্রিক ভাবনার সঞ্চার কীভাবে ঘটেছে আলোচনা করুন। ৬ + ৬

(ঙ) ইউরোপীয় সাম্রাজ্যবাদী শক্তি কীভাবে তার আগ্রাসী থাবায় মানবিকতাকে বিনষ্ট করতে চেয়েছে, রবীন্দ্রনাথের 'আফ্রিকা' কবিতা অবলম্বনে তা ব্যাখ্যা করুন।

(চ) জীবনানন্দের 'ভিখিরী' কবিতায় মানুষের জীবনের মূল্যবোধ ও অবক্ষয়ের চিত্রটি যেভাবে বর্ণিত হয়েছে, তার স্বরূপটি বিশ্লেষণ করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ১০০ শব্দে) ঃ

৬ × ৪ = ২৪

(ক) চর্যাপদের ভাষাকে 'সন্ধ্যাভাষা' বলা হয় কেন তা বুঝিয়ে লিখুন।

(খ) বড়াই-এর চরিত্র ব্যাখ্যা করুন।

(গ) কৃত্তিবাসের 'অরণ্যকাণ্ড' অবলম্বনে 'পঞ্চবটী বন' ও 'পম্পা নদী'র রূপ বর্ণনা করুন। ৩ + ৩

(ঘ) কাব্য বিচারে যে সমস্ত বিষয়ের প্রতি সহৃদয় পাঠককে বিচার করতে হয় সে সম্পর্কে একটি অনুচ্ছেদ রচনা করুন।

(ঙ) আধুনিক কবিতার ভাব ও রূপের প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলি কী, তা লিখুন।

(চ) 'নাহি কাজ, মিত্রবর, সীতায় উদ্ধারি' — কথাটি কে বলেছেন ? কেন বলেছেন ? বক্তা সম্পর্কে আপনার ধারণা সংক্ষেপে লিখুন। ১ + ২ + ৩





(ছ) 'শঙ্খ' কবিতার দুটি স্তবকের শেষে শঙ্খের যে পরিচয় দেওয়া হয়েছে, সেগুলি উল্লেখ করুন।

(জ) 'নরক কুণ্ড বলিয়া কে তোমা, করে নারী হেয়-জ্ঞান ?' — অংশটির অর্থ ও তাৎপর্য ব্যাখ্যা করুন।

| | | | |
|---|---|---|---|
| 1. | Date of Publication | : | 23/10/2017 |
| 2. | Last date of submission of answer script by the student to the study centre | : | 02/12/2017 |
| 3. | Last date of submission of marks by the examiner to the study centre | : | 13/01/2018 |
| 4. | Date of evaluated answer script distribution by the study centre to the student | : | 20/01/2018 |
| 5. | Last date of submission of marks by the study centre to the Department of C.O.E. on or before | : | 31/01/2018 |